



## // চার হাজার কলেজ শিক্ষক নিয়োগ করা

হবে .....শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেছেন, সরকারী কলেজগুলোতে চার হাজার নতুন শিক্ষক নিয়োগ করা হবে। নিয়োগের প্রক্রিয়া শুরু করার জন্য সরকারী কর্মকমিশনকে অনুরোধ জানানো হয়েছে। প্রাথমিকভাবে আড়াই হাজার শিক্ষক নিয়োগ করা হবে।

শিক্ষামন্ত্রী রবিবার বিয়াম অভিটোরিয়ামে সরকারী কলেজের প্রিন্সিপালদের দু'দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ঐকথা বলেন। শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহসানুল হক মিলন ও উপমন্ত্রী আবদুস সালাম পিক্টু অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন। শিক্ষা সচিব শহীদুল আলম অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।